

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন
বিপণন ও সম্প্রসারণ শাখা
জয়িতা টাওয়ার, ধানমন্ডি-২৭, ঢাকা-১২০৭।
<https://joyeeta.gov.bd/>



স্মারক: ৩২.০৪.০০০০.০০০.০১.৪০.২২৪.১৯-৯

তারিখ: ১৩/০৯/২০২৬ খ্রি.


বিজ্ঞপ্তি

বিষয়: “জয়িতা শরৎ মেলা”-২০২৬ উপলক্ষ্যে ৫ দিনব্যাপী অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহণের জন্য নারী উদ্যোক্তাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান।

বাংলাদেশের ঐতিহ্য, সংস্কৃতি ও নারীর উদ্যোক্তা উন্নয়নের ধারাকে এগিয়ে নিতে জয়িতা ফাউন্ডেশন নিয়মিতভাবে বিভিন্ন মেলা ও উৎসব আয়োজন করে থাকে। শরৎকাল বাংলার প্রকৃতি, সংস্কৃতি ও নান্দনিকতার একটি বিশেষ ঋতু। এই ঐতিহ্যকে ধারণ করে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিপণনের সুযোগ সৃষ্টি, গ্রাহকদের সাথে সরাসরি সংযোগ স্থাপন এবং দেশীয় পণ্যের প্রচারের লক্ষ্যে “জয়িতা শরৎ উৎসব ও মেলা-২০২৬” আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মেলায় লোকজ সংস্কৃতি, ফ্যাশন ও লাইফ স্টাইল পণ্য, হস্তশিল্প/কারুশিল্প পণ্য, নতুন উদ্ভাবনী ও সম্ভাবনাময় পণ্য এবং ড্রাই ফুড ও দেশীয় খাদ্য পণ্যের স্বল্প সংখ্যক স্টল থাকবে।

২। “জয়িতা শরৎ মেলা”-২০২৬ মেলায় জয়িতার নিবন্ধিত নারী উদ্যোক্তাদের অংশগ্রহণের জন্য আগামী ২২/০৯/২০২৬ তারিখের মধ্যে উল্লিখিত শর্তাবলীপূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। মেলায় নিম্নোক্তভাবে আবেদন করা যাবে:

আবেদন ফরম প্রাপ্তি স্থান	১। জয়িতা ফাউন্ডেশনের ওয়েবসাইট: https://joyeeta.gov.bd/ ২। জয়িতা ফাউন্ডেশন কার্যালয়, জয়িতা টাওয়ার (৯ম তলা), বাড়ি নং- ২০/এ (নতুন), রোড নং-২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯ (সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত)।
আবেদনপত্র জমা প্রদানের ঠিকানা	জয়িতা টাওয়ার (৯ম তলা), বাড়ি নং-২০/এ (নতুন), রোড নং-২৭, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
আবেদন জমার শেষ তারিখ	২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত)।
মেলায় সময়কাল	০১-০৫ অক্টোবর, ২০২৬ (৫ দিনব্যাপী) সকাল ১০.৩০ ঘটিকা থেকে রাত ০৮.০০ ঘটিকা পর্যন্ত।
অংশগ্রহণ ফি	ফি ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা।


১৪.৯.২০২৬
মো: নজরুল ইসলাম
পরিচালক (বিপণন)
জয়িতা ফাউন্ডেশন।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (সকল), জয়িতা ফাউন্ডেশন।
- ২) সহকারী পরিচালক (সকল), জয়িতা ফাউন্ডেশন।
- ৩) সহকারী পরিচালক, বিপণন ও আইসিটি শাখা (জয়িতা ফাউন্ডেশনের ফেইসবুক পেইজ ও ওয়েবসাইটে আপলোড ও অধিক প্রচারণার জন্য);
- ৪) কমন সার্ভিসেস অফিসার (সকল), জয়িতা ফাউন্ডেশন।
- ৫) পিএ টু ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) অফিস কপি।